# ESSENTIAL DRUGS COMPANY LIMITED

395-397, Tejgaon Industrial Area
Dhaka-1208

## Local Press Tender Notice

Sealed tenders are hereby invited from Genuine Importers/Suppliers/Authorized dealers for Supply of following items for Essential Latex Processing Plant on Urgent basis:

| SL No | Tender No. Date | Name of the Item | Cost of Tender Schedule | Last date of Closing & opening |
|---|---|---|---|---|
| 01. | EDCL(ELPP)/PUR/LT/2022/74<br><br>Dt. 02/03/2022 | Raw Materials for Concentrate Latex Processing:<br>01. Tetra Methyl Thiuram Disulfide (TMTD)- 100 kg<br>02. Lauric Acid---150 kg<br>Details as per Tender Schedule | Tk. 750.00/set Non-refundable | Closing : 16/03/2022 at 12.00 PM<br>Opening : 16/03/2022 at 12.30 PM |

Tender schedule will be sold from the Accounts Department of Essential Drugs Company Limited, Dhaka on payment as stated above during office hours on all working days (except Friday, Saturday and Govt. Holidays). No tender schedule will be sold on the opening date of the tender.

The tender will be accompanied by an amount of Earnest Money mentioned above in the form of Bank Draft/Pay Order from any Schedule Bank of Bangladesh in favour of "Essential Drugs Copany Ltd." without which the tender will be considered as non-responsive.

EDCL authority reserves the right to accept or reject any or all the tenders without assigning any reason whatsoever.

**General Manager**
Procurement Deptt.
For : Managing Director

(6x4Col)

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

ভূমি ও ইমারত শাখা
Bangladesh Agricultural Research Institute
Gazipur-1701

কৃষিই সমৃদ্ধি
Tel: 94270077
E-mail: se.building@bari.gov.bd
Web: www.bari.gov.bd

Memo No. 12.21.0000.010.41.468.20.189 Date: 01.03.2022

## Tender Notice

Tender is invited through National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for procurement of following works:

| Sl No. | Tender ID No. | Tendering method | Description of works | Online (e-GP system) tender publication date & time | Online (e-GP system) tender closing date & time |
|---|---|---|---|---|---|
| 1. | 669016 | OTM | Repairing and Renovation of Carpeting Road at West side of Building and Ground Section to South gate in BARI, Gazipur | 01-Mar-2022 11:30 | 16-Mar-2022 14:40 |
| 2. | 669223 | OTM | Repairing and renovation 2nd floor of administration & planning at BARI Gazipur | 01-Mar-2022 11:00 | 16-Mar-2022 14:40 |
| 3 | 668998 | OTM | Supplying S.S. Gas Burner & Gas fitting goods for Repair & Maintenance of Office and Residential area at BARI, Gazipur | 01-Mar-2022 11:00 | 16-Mar-2022 14:25 |
| 4 | 668952 | OTM | Repairing and renovation of office building at OFRD, Daulatpur, Khulna | 01-Mar-2022 11:00 | 16-Mar-2022 14:15 |
| 5 | 668877 | OTM | Covering the ornamental house of Floriculture Research field with fiber glass sheet at HRC, BARI, Gazipur | 28-Feb-2022 16:10 | 15-Mar-2022 16:15 |

This is online tender, only e-Tender will be accepted in National e-GP Portal and no offline/hard copy will be accepted. Registration is essential to submit e-Tender.
Fees have to be deposited for downloading the tender documents from e-GP Portal through any registered bank.
For further information please contact e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

GD-423 **Superintending Engineer (In-charge)**

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

নম্বর-১৬.০০.০০০০.০০১.১১.০০১.২০.১৫২

তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৮ / ২২ ফেব্রুয়ারি ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতন স্কেল অনুযায়ী জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://mora.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রম: নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ০১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাকা ১১,০০০/- - ২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতাসহ সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় গতি (প্রতি মিনিটে) যথাক্রমে সাঁটলিপি: ইংরেজী-৭০ শব্দ ও বাংলা-৪৫ শব্দ এবং কম্পিউটার-মুদ্রাক্ষরঃ ইংরেজী-৩০ শব্দ ও বাংলা-২৫ শব্দ। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, চাঁদপুর, কুমিল্লা, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, যশোর, কুষ্টিয়া, পটুয়াখালী, সুনামগঞ্জ জেলা। **তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ০২. | কম্পিউটার অপারেটর টাকা ১১,০০০/- - ২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |

০২। **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

(১) প্রার্থীকে http://mora.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে।

(২) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী

(ক) আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১০.০৩.২০২২খ্রি. তারিখ** সকাল ১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: **৩১.০৩.২০২২খ্রি. তারিখ বিকাল ৫:০০টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/-(বার) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: Mora<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MORA ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK.112 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type MORA **Yes PIN** and send to 16222.

দ্বিতীয় SMS: MORA <Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: MORA Yes 12345678 & send to 16222
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for MORA Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://mora.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে MORA<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.
Example:MORA Help USER ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে **MORA**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** and Send to 16222
Example:, MORA Help PIN 12345678 & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.mora.gov.bd, ওয়েবসাইটে, জেলা তথ্য বাতায়ন অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://mora.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: MORA, Post Name: Computer Operator, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(৩) বয়সসীমা: ০৯.০৩.২০২২খ্রি. তারিখে বয়স:

ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর পর্যন্ত।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত।

(৪) জাতীয়তা:

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৫) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২খ্রি. তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১খ্রি. পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ২ কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

গ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত কপি।

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঙ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।



চ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(৭) ৬ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি ও ছবিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

(৮) অনলাইন-এ পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(৯) কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। তবে তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

(১১) স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসাবে প্রার্থীর পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

(১২) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

(১৩) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

(১৫) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

(১৬) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

(১৮) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**(১৯) ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(মোঃ সাখাওয়াৎ হোসেন)
উপসচিব (প্রশাসন)

GD-425